দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তাং 25 FEB 1987
পৃষ্ঠা 6 কলাম 1

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং শাঃ ক্রীড়া-১/১১সি-১/৮৭-১১৫ তারিখ ২৬-২-৮৭ ইং
১৩-১১-৯৩ বাংলা

## বিষয়ঃ-১৯৮৭-৮৮ শিক্ষা বৎসরে ভারত সরকার কর্তৃক প্রদত্ত ক্রীড়া বৃত্তি

বাংলাদেশ-ভারত সাংস্কৃতিক চুক্তির অধীনে ভারত সরকার ক্রীড়া ক্ষেত্রে ১৯৮৭-৮৮ শিক্ষা বৎসরের জন্য নিম্নে বর্ণিত ১০টি ক্রীড়া বৃত্তি প্রদান করিয়াছে। এই বৃত্তির জন্য যাবতীয় খরচ ভারত সরকার বহন করিবে। বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | বিষয় | বৃত্তির সংখ্যা | বৃত্তির প্রকৃতি |
|---|---|---|---|
| ১। | ফুটবল | ২ | ১০ মাসের জন্য ডিপ্লোমা নিয়মিত কোর্স। |
| ২। | এ্যাথলেটিকস | ১ | ,, |
| ৩। | হকি | ১ | ,, |
| ৪। | হ্যান্ডবল | ১ | ,, |
| ৫। | ক্রিকেট | ১ | ,, |
| ৬। | সাঁতার | ১ | ,, |
| ৭। | ভলিবল | ১ | ,, |
| ৮। | টেনিস | ১ | ,, |
| ৯। | কাবাডি | ১ | ,, |

মোট—১০টি

২। বৃত্তির শর্তাবলীঃ (ক) নিয়মিত কোর্সঃ ১০ মাসের।

৩। ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতাঃ
(ক) কলা/বাণিজ্য/বিজ্ঞান/শারীরিক শিক্ষাঃ এর উপর স্নাতক ডিগ্রিসহ ক্রীড়াক্ষেত্রে দক্ষতা অথবা
(খ) মাধ্যমিক শিক্ষাসহ আন্তর্জাতিক ক্রীড়াক্ষেত্রে অংশগ্রহণকারী। অথবা
(গ) মাধ্যমিক শিক্ষাসহ জাতীয় পর্যায়ে তিন বৎসরের বিশেষ কৃতিত্ব।

৪। বয়সঃ প্রার্থীর বয়স ২১—৩৫ বৎসর ১-১-১৯৮৭ ইং তারিখে হইতে হইবে। বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৫। স্বাস্থ্যঃ যে সকল ছাত্র চূড়ান্তভাবে ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হইবে তাহারাই ভর্তিরযোগ্য হইবে।

৬। ক্রীড়া দক্ষতাঃ প্রার্থীকে ক্রীড়াক্ষেত্রে উচ্চ দক্ষতাসম্পন্ন হইতে হইবে। যাহারা আন্তর্জাতিক ক্ষেত্রে/দেশের প্রতিনিধিত্ব করিয়াছেন অথবা জাতীয় পর্যায় যাহাদের বিশেষ কৃতিত্ব রহিয়াছে তাহাদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৭। প্রার্থীকে সৎ চরিত্রবান ও সামাজিক প্রকৃতি সম্পন্ন স্বভাবসম্পন্ন হইতে হইবে এবং নেতৃত্বের গুণ থাকিতে হইবে। যেকোন প্রার্থী কোন প্রতিষ্ঠান হইতে বহিষ্কার হইয়া থাকিলে সে আবেদনের যোগ্য হইবে না।

৮। আবেদনপত্র সাদা কাগজে নিম্নে বর্ণিত বিবরণ ও তথ্যসহ আগামী ৫-৩-৮৭ ইং তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করিতে হইবে। তিন কপি পাসপোর্ট সাইজ ছবি, চরিত্রগত ও নাগরিকত্ব সার্টিফিকেট অবশ্যই দিতে হইবে।

১। নামঃ
২। পিতার নাম/স্বামীর নামঃ
৩। বর্তমান ঠিকানাঃ
৪। স্থায়ী ঠিকানাঃ
৫। বয়স (১-১-৮৭ ইং)ঃ
৬। শিক্ষাগত যোগ্যতা (সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ দিতে হইবে)।
৭। প্রস্তাবিত শিক্ষার ক্ষেত্রঃ
৮। ক্রীড়াক্ষেত্রে দক্ষতা ও সফলতা (প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপিসহ)ঃ
৯। বিবাহিত/অবিবাহিতঃ
১০। বর্তমানে চাকরিরত থাকিলে পদবী ও চাকরির বয়স ও নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্ণ ঠিকানা দিতে হইবে।
১১। অন্য কোন বৃত্তি পাইয়া থাকিলে অথবা অন্য কোন বৃত্তির জন্য আবেদন করিয়া থাকিলে উহার নাম ও বিবরণ উল্লেখ করিতে হইবে।
১২। ছাত্র হইলে শ্রেণী ও শিক্ষাপ্রতিষ্ঠানের নাম দিতে হইবে।
১৩। আবেদনের সপক্ষে অন্য কোন তথ্যঃ
১৪। আবেদনকারী যাহারা ছাত্র অথবা চাকরিরত তাহাদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
১৫। প্রার্থীকে অবশ্যই ইংরাজী বলা ও লেখায় দক্ষ হইতে হইবে।

(মোঃ আবদুর রাজ্জাক হাওলাদার)
সহকারী সচিব,
ফোনঃ ২৩০০০/৩৮০৩।

ডিএফপি(স)—৫৪৭৮(৩)২৬/২
জি—৭৩৯

022